# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪১৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. ‘আসরের সালাতের ওয়াক্ত

باب فِي وَقْتِ صَلاَةِ الْعَصْرِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّهُ قَالَ دَخَلْنَا عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ بَعْدَ الظُّهْرِ فَقَامَ يُصَلِّي الْعَصْرَ فَلَمَّا فَرَغَ مِنْ صَلاَتِهِ ذَكَرْنَا تَعْجِيلَ الصَّلاَةِ أَوْ ذَكَرَهَا فَقَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " تِلْكَ صَلاَةُ الْمُنَافِقِينَ تِلْكَ صَلاَةُ الْمُنَافِقِينَ تِلْكَ صَلاَةُ الْمُنَافِقِينَ يَجْلِسُ أَحَدُهُمْ حَتَّى إِذَا اصْفَرَّتِ الشَّمْسُ فَكَانَتْ بَيْنَ قَرْنَىْ شَيْطَانٍ أَوْ عَلَى قَرْنَىِ الشَّيْطَانِ قَامَ فَنَقَرَ أَرْبَعًا لاَ يَذْكُرُ اللَّهَ فِيهَا إِلاَّ قَلِيلاً " .

ـ صحيح : م

বাংলা

৪১৩। আল-’আলা ইবনু ’আবদুর রহমান (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা যুহর সালাত আদায়ের পর আনাস ইবনু মালিক (রাঃ)-এর নিকট গিয়ে দেখলাম, তিনি ’আসরের সালাত আদায় করতে দাঁড়িয়েছেন। তার সালাত আদায় শেষে আমরা তার বেশী আগে (’আসর) সালাত আদায় করা নিয়ে আলোচনা করলাম। অথবা তিনিই এ বিষয়ে আলোচনা করলেন এবং (এর কারণ সম্পর্কে) বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ এটা মুনাফিকদের সালাত! এটা মুনাফিকদের সালাত!! এটা মুনাফিকদের সালাত!!! এদের কেউ বসে থাকে আর যখন সূর্য হলুদ বর্ণ ধারণ করে এবং তা শয়তানের দু’ শিংয়ের মধ্যখানে বা উপর অবস্থান করে তখন সে দাঁড়িয়ে চারটি ঠোকর মারে। তাতে সে খুব সামান্যই আল্লাহর স্মরণ করে থাকে। [1]

সহীহ : মুসলিম।

## English

'Ala b. 'Abd al-Rahman said:
We came upon Anas b. Malik after the Zuhr prayer. He stood for saying the 'Asr prayer. When he became free from praying, we mentioned to him about

observing prayer in its early period or he himself mentioned it. He said: I heard the Messenger of Allah (ﷺ) say: This is how hypocrites pray, this is how hypocrites pray, this is how hypocrites pray: He sits (watching the sun), and when it becomes yellow and is between the horns of the devil, or is on the horns of the devil, he rises and prays for rak'ahs quickly, remembering Allah only seldom during them.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ মাসাজিদ, অনুঃ প্রথম ওয়াক্তে ‘আসর সালাত আদায় মুস্তাহাব), তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ ‘আসরের সালাত তাড়াতাড়ি পড়া, হাঃ ১৬০), নাসায়ী (অধ্যায়ঃ ওয়াক্তসমূহ, অনুঃ ‘আসর সালাত বিলম্বে আদায়ের ব্যাপারে কঠোরতা, হাঃ ৫১০), মালিক (১/৪৬), আহমাদ (৩/১৪৯) একাধিক সনদে ‘আলা সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আলা ইবনু আবদুর রহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57731

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন